# বাংলাদেশ কৃষি ব্যাংক
## প্রধান কার্যালয়, ঢাকা

### পর্ষদ সচিবালয় বিভাগ

সার্কুলার লেটার নং-পসবি-০১/২০১৮ তারিখঃ ০৩-০১-২০১৮ খ্রিঃ।

১। সকল বিভাগীয় মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়সমূহ
২। মহাব্যবস্থাপক, স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা
৩। সকল উপমহাব্যবস্থাপক / বিভাগীয় প্রধান, প্রধান কার্যালয়, ঢাকা
৪। উপমহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ
৫। সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক
৬। সকল শাখা ব্যবস্থাপক
(মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকগণের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

**বিষয় ঃ বাংলাদেশ কৃষি ব্যাংকের বিভিন্ন স্তরের কর্মকর্তাদের ব্যবসায়িক ক্ষমতা ও বৈদেশিক বাণিজ্য সংক্রান্ত ব্যবসায়িক ক্ষমতা অর্পণ সংক্রান্ত পরিপত্র নং- ০১/২০১৬ তারিখ ০১-০২-২০১৬ এ বর্ণিত ঋণ খাতসমূহের মধ্যে কয়েকটি খাতে শাখা ব্যবস্থাপকদের ব্যবসায়িক ও ঋণ নবায়ন ক্ষমতা বৃদ্ধি প্রসঙ্গে।**

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ের প্রতি সকলের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে। ঋণ নীতিমালা সহজীকরণ বিষয়ে পরিচালনা পর্ষদ কর্তৃক ১৭-০৫-২০১৭ তারিখে অনুষ্ঠিত ৬৮৬তম সভায় গঠিত কমিটির সুপারিশমালা ৩০-১১-২০১৭ তারিখে অনুষ্ঠিত পরিচালনা পর্ষদের ৬৯৭তম সভায় উপস্থাপন করা হলে পর্ষদ কর্তৃক তা অনুমোদিত হয়। উক্ত অনুমোদনের প্রেক্ষিতে পর্ষদ সচিবালয় বিভাগ হতে জারীকৃত পরিপত্র নং-০১/২০১৬ তারিখ ০১-০২-২০১৬ এর মাধ্যমে অর্পিত শাখা ব্যবস্থাপকদের ব্যবসায়িক ও ঋণ নবায়ন ক্ষমতাসমূহের মধ্যে কয়েকটি খাতের ক্ষমতা নিম্নবর্ণিতভাবে বৃদ্ধি ও পরিবর্তন করা হলোঃ

(ক) স্বল্প মেয়াদি/মেয়াদি প্রাণিসম্পদ ও মৎস্য খাতঃ

| ক্রম নং | ০১-০২-২০১৬ তারিখের পরিপত্র নং-০১/২০১৬ এর | | ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা ও ক্ষমতার সীমা (লক্ষ টাকায়) | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| | অনুচ্ছেদ নং | ঋণের খাত | বিদ্যমান | | | পরিবর্তিত অনুমোদিত ক্ষমতা | |
| | | | শাখা ব্যবস্থাপক (সমব্য/উমুক) | শাখা ব্যবস্থাপক (মুক) | শাখা ব্যবস্থাপক (উক) | শাখা ব্যবস্থাপক (সমব্য/উমুক) | শাখা ব্যবস্থাপক (মুক/উক) |
| ১। | ১৬.৩ | স্বল্প মেয়াদিঃ পুকুরে মৎস্য চাষ | ২.০০ | ২.০০ | ২.০০ | ৪.০০ | ৩.০০ |
| ২। | ১৭ | স্বল্প মেয়াদি ঃ গরু মোটাতাজাকরণ | ২.০০ | ২.০০ | ২.০০ | ৪.০০ | ৩.০০ |
| ৩। | ২৩ | এসএমই ঋণ | ৩.০০ | ২.০০ | ১.০০ | ৫.০০ | ৩.০০ |
| ৪। | ২৪ | অন্যান্য অনুমোদিত স্বল্প মেয়াদি খাত | ৫.০০ | ৩.০০ | ২.০০ | ৬.০০ | ৩.০০ |
| ৫। | ২ | মেয়াদিঃ মহিষ | ১.০০ | ০.৮০ | ০.৮০ | ৩.০০ | ১.৫০ |
| ৬। | ৭(ক) | মেয়াদি ঃ পুকুরে মৎস্য চাষ | ১.০০ | ১.০০ | ০.৭৫ | ৩.০০ | ২.০০ |
| ৭। | ৯ | মেয়াদী ঃ গাভী পালন/হাঁস মুরগী পালন/ছাগল পালন/গরু মোটাতাজাকরণ/ মিশ্র খামার / হাঁসের খামার | ১.০০ | ১.০০ | ০.৮০ | ৩.০০ | ২.০০ |

চলমান পাতা-০২

(খ) স্বল্প মেয়াদি নগদ/চলতি মূলধন(এসএমইসহ) ঋণ মঞ্জুর/নবায়নঃ

| খাত | বিদ্যমান ক্ষমতা | পরিবর্তিত ক্ষমতা |
|---|---|---|
| স্বল্প মেয়াদি খাতে নগদ/ চলতি মূলধন নবায়ন (এসএমই সহ) অনুচ্ছেদ নং- ২.২ | উদ্যোক্তা কর্তৃক পর পর দুই বৎসর নবায়নকৃত ঋণের আহরণ সীমা উত্তোলন ও সমস্বয়চক্র অনুযায়ী সন্তোষজনকভাবে সমন্বয় হলে এবং দলিল সম্পাদনসহ অন্যান্য নীতিমালা যথাযথ পরিপালন সাপেক্ষে উপযুক্ত কর্তৃপক্ষের নবায়ন মূলতবী রেখে ঐ ঋণ হিসাবে ৩য় ও পরবর্তী বছরসমূহে পূর্ববর্তী বছরের আহরণসীমা পর্যন্ত ঋণ মঞ্জুরীকারী কর্তৃপক্ষের এক ধাপ নীচের কর্তৃপক্ষ নিম্নবর্ণিতভাবে ও বর্ণিত শর্তে পূর্বের অন্যান্য শর্তাদি বলবৎ রেখে নবায়ন করতে পারবেনঃ<br>(ক) মঞ্জুরকারি কর্তৃপক্ষ — নবায়নকারি কর্তৃপক্ষ<br>(১) পরিচালনা পর্ষদ — (১) ব্যবস্থাপনা পরিচালক<br>(২) ব্যবস্থাপনা পরিচালক — (২) উপ-ব্যবস্থাপনা পরিচালক<br>(৩) উপব্যবস্থাপনা পরিচালক — (৩) বিভাগীয় মহাব্যবস্থাপক<br>(৪)বিভাগীয় মহাব্যবস্থাপক — (৪)উপমহাব্যবস্থাপক(পরিচালন) বিভাগীয় কার্যালয় /মূখ্য আঞ্চলিক ব্যবস্থাপক<br>(৫) উপমহাব্যবস্থাপক(পরিচালন) — (৫) আঞ্চলিক ব্যবস্থাপক বিভাগীয় কার্যালয়<br>(৬) মূখ্য আঞ্চলিক ব্যবস্থাপক/ আঞ্চলিক ব্যবস্থাপক — (৬) শাখা ব্যবস্থাপক<br>(খ) মৎস্য প্রক্রিয়াকরণ ও চা খাতে চলতি মূলধনের বেলায় উক্ত সুবিধা প্রযোজ্য হবে না;<br>(গ) প্রকল্প , চলতি মূলধন, ব্লক হিসাব ও অন্যান্য হিসাবে স্থানান্তরিত টাকা মেয়াদোত্তীর্ণ অবস্থায় থাকিলে বর্ণিত সুবিধা প্রযোজ্য হবে না;<br>(ঘ) কোম্পানির পরিচালক বা তাদের তাদের শেয়ারের কোন পরিবর্তন হলে তা যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন ব্যতিরেকে উক্ত সুবিধা প্রযোজ্য হবে না;<br>(ঙ) অন্যান্য ক্ষেত্রে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক ঋণ প্রস্তাব মঞ্জুর/ নবায়ন করা হবে। | উদ্যোক্তা কর্তৃক চলতি মূলধন ও ক্যাশ ক্রেডিট মঞ্জুরীকৃত ঋণের আহরণ সীমা উত্তোলন ও সমন্বয়চক্র অনুযায়ী সন্তোষজনকভাবে সমন্বয় হলে এবং দলিল সম্পাদনসহ অন্যান্য নীতিমালা যথাযথ পরিপালন সাপেক্ষে ঐ ঋণ হিসাবে ২য় ও পরবর্তী বছরসমূহে পূর্ববর্তী বছরের আহরণসীমা পর্যন্ত ঋণ মঞ্জুরীকারী কর্তৃপক্ষের এক ধাপ নীচের কর্তৃপক্ষ নিম্নবর্ণিতভাবে ও বর্ণিত শর্তে পূর্বের অন্যান্য শর্তাদি বলবৎ রেখে নবায়ন করতে পারবেনঃ<br>(ক) মঞ্জুরকারি কর্তৃপক্ষ — নবায়নকারি কর্তৃপক্ষ<br>(১) পরিচালনা পর্ষদ — (১) ব্যবস্থাপনা পরিচালক<br>(২) ব্যবস্থাপনা পরিচালক — (২) উপ-ব্যবস্থাপনা পরিচালক<br>(৩) উপ-ব্যবস্থাপনা পরিচালক — (৩) বিভাগীয় মহাব্যবস্থাপক<br>(৪) বিভাগীয় মহাব্যবস্থাপক — (৪) উপমহাব্যবস্থাপক /(পরিচালন) বিভাগীয় কার্যালয় /মূখ্য আঞ্চলিক ব্যবস্থাপক<br>(৫) উপমহাব্যবস্থাপক (পরিচালন) বিভাগীয় কার্যালয় — (৫) আঞ্চলিক ব্যবস্থাপক<br>(৬) মূখ্য আঞ্চলিক ব্যবস্থাপক/ আঞ্চলিক ব্যবস্থাপক — (৬) শাখা ব্যবস্থাপক<br>(খ) মৎস্য প্রক্রিয়াকরণ ও চা খাতে চলতি মূলধনের বেলায় উক্ত সুবিধা প্রযোজ্য হবে না;<br>(গ) প্রকল্প , চলতি মূলধন, ব্লক হিসাব ও অন্যান্য হিসাবে স্থানান্তরিত টাকা মেয়াদোত্তীর্ণ অবস্থায় থাকিলে বর্ণিত সুবিধা প্রযোজ্য হবে না;<br>(ঘ) কোম্পানির পরিচালক বা তাদের তাদের শেয়ারের কোন পরিবর্তন হলে তা যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন ব্যতিরেকে উক্ত সুবিধা প্রযোজ্য হবে না;<br>(ঙ) অন্যান্য ক্ষেত্রে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক ঋণ প্রস্তাব মঞ্জুর/ নবায়ন করা হবে।<br>(চ) নবায়নের তথ্য মূল মঞ্জুরকারী কর্তৃপক্ষের বরাবরে ৭ দিনের মধ্যে প্রেরণ করতে হবে। |

০২। এ পরিবর্তিত ক্ষমতা অর্পণ আদেশ অবিলম্বে কার্যকর হবে। এ ছাড়া পসবি-০১/২০১৬ তারিখ ০১-০২-২০১৬ এর অন্যান্য নির্দেশনা অপরিবর্তিত থাকবে।

আপনার বিশ্বস্ত

( এ আর মামুন) ০৬/১/১৮

সচিব

নং-বিকেবি/প্রকা/পসবি-১০৩/২০১৭-২০১৮/২২৭(১২০০)

তারিখঃ -ঐ-

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

১। স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক ১/২/৩ মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
৩। স্টাফ অফিসার,সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর,বিকেবি,প্রধান কার্যালয়, ঢাকা।
৪। অধ্যক্ষ, বিকেবি ট্রেনিং ইনস্টিটিউট, মিরপুর, ঢাকা।
৫। সকল উপ-মহাব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৬। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস্ বিভাগ, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা। উপরোক্ত সার্কুলার লেটার ব্যাংকের অফিসিয়াল ওয়েব সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
৭। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ।
৮। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমূহ।
৯। নথি / মহানথি।

০৬/০১/১৮

(কাজী মোহাম্মদ নজরে মঈন)

যুগ্ম সচিব